



যুবক-এর নির্বাহী পরিচালক হোসাইন আল মাসুম গতকাল জাতীয় প্রেসক্লাবে সংবাদ সম্মেলনে জব ফেয়ার-এর বিশদ ব্যাখ্যা করে বক্তব্য দেন

-দেশবাংলা

জব ফেয়ার শুরু হচ্ছে আজ

২২ কোম্পানির ৩শ' পদে সরাসরি নিয়োগের সম্ভাবনা

নিজস্ব প্রতিবেদক

চাকরিদাতা ও চাকরিপ্রার্থীদের মধ্যে সমঝয়ের মাধ্যমে দেশে শ্রম বাজারের গতিপ্রকৃতি এবং শিক্ষা ও প্রশিক্ষণ পদ্ধতি নির্ধারণের লক্ষ্যে যুব কর্মসংস্থান সোসাইটি (যুবক) দু'দিনব্যাপী জব ফেয়ার-এর আয়োজন করেছে। আজ থেকে ওসমানী স্মৃতি মিলনায়তনে শুরু হচ্ছে এ জব ফেয়ার। ফেয়ার থেকে ২২টি কোম্পানির বিভিন্ন পদে ৩০০শ' ব্যক্তিকে সরাসরি নিয়োগ দেবে বলে আশা করা যাচ্ছে।

গতকাল শনিবার জাতীয় প্রেসক্লাবের কনফারেন্স রুমে এক সংবাদ সম্মেলনে যুবক-এর নির্বাহী পরিচালক হোসাইন আল মাসুম একথা বলেন। সংবাদ সম্মেলনে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, দৈনিক দেশবাংলার সম্পাদক

ড. ফেরদৌস আহমদ কোরেশী, যুবক উদ্যোগের-এর পরিচালক রাশেদুল হুদা চৌধুরী এবং যুবক হাউজিং-এর ব্যবস্থাপনা পরিচালক লোকমান হোসেন।

হোসাইন আল মাসুম বলেন, এবারের জব ফেয়ারে ৫টি ইন্টারভিউ হল থাকবে এবং সকাল ১০টা থেকে চলবে এসব হলে সাক্ষাৎকার। চাকরিদাতা প্রতিষ্ঠানগুলোর পছন্দসই প্রার্থীদেরকে সরাসরি নিয়োগপত্র দেয়া হবে। তিনি বলেন, ওয়েবসাইটে যারা আবেদন করেছেন ইতিমধ্যে তাদের প্রাথমিক বাছাই হয়ে গেছে। ওয়েবসাইটে সাড়ে তিন হাজার চাকরিপ্রার্থী আবেদন করেছেন বলেও তিনি জানান। প্রাথমিক বাছাইকৃতদের সাক্ষাৎকারের সময় জানিয়ে দেয়া

পৃষ্ঠা ২ কলাম ৬

প্রথম পৃষ্ঠার পর

হয়েছে। সংবাদ সম্মেলনে জানানো হয়, বিভিন্ন কোম্পানির একাউন্টস সেকশনে ৩২টি, শিক্ষা বিভাগে ১১টি, ইঞ্জিনিয়ারিং বিভাগে ৩৩টি, লিগ্যাল ডিপার্টমেন্টে ১০২টি, মিডিয়া এডভার্টাইজিং-এ ৩টি ও মেডিক্যাল সেকশনে ৭টি পদসহ আরও বিভিন্ন পদে চাহিদা রয়েছে। এসব পদে সরাসরি নিয়োগের পাশাপাশি সেমিনার ও কাউন্সিলিং-এর মাধ্যমে দেশের শিক্ষা ব্যবস্থার সাথে কর্মসংস্থানের বর্তমান দূরত্ব নিরসনের উপায় খুঁজে বের করা হবে। জব ফেয়ারস্থলে বড় জিন বসানো থাকবে যাতে দেখানো হবে কোন কোম্পানির কি পদে কত লোক লাগবে, কত রোল নম্বরধারী ব্যক্তির কখন কোথায় সাক্ষাৎকার। এছাড়া একজন চাকরিপ্রার্থী কিভাবে তার বায়োডাটা আবেদনপত্র এবং লিখিত ও মৌখিক পরীক্ষার প্রস্তুতি গ্রহণ করবেন এসব বিষয়েও কাউন্সিলিং করা হবে। এতে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের

শিক্ষক, ছাত্র-ছাত্রী ও বিভিন্ন কোম্পানির মানব সম্পদ বিভাগের কর্মকর্তারা অংশ নেবেন। যুবকের নির্বাহী পরিচালক বলেন, দু'দিনব্যাপী এ জব ফেয়ারের শেষদিন আগামীকাল সোমবার সেমিনার অনুষ্ঠিত হবে। বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক মোজাফফর আহমেদ সেমিনারে সভাপতিত্ব করবেন।

এক প্রশ্নের জবাবে হোসাইন আল মাসুম জানান, কোন বাণিজ্যিক উদ্দেশ্য নিয়ে নয়, স্রেফ দেশের আত্মপ্রত্যয়ী মানুষের কর্মসংস্থানের একটা নতুন ধারা সৃষ্টির জন্য এ ধরনের মেলার আয়োজন করা হয়েছে। এবারের জব ফেয়ার সফল করে তোলার জন্য তিনি বিভিন্ন শ্রেণী ও পেশার লোকজনের উপস্থিতি ও সহযোগিতা কামনা করেন।

সংবাদ সম্মেলনে আগত সাংবাদিক ও অন্য ব্যক্তিদের ধন্যবাদ জানিয়ে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন দৈনিক দেশবাংলার সম্পাদক ফেরদৌস আহমদ কোরেশী।